

BSF'এর সঙ্গে পরিচয়

BSF অথবা বিল্ডিং স্কুলস্ ফর দ্য ফিউচার (Building Schools for the Future) হলো জাতীয় স্তরে এ'যাবৎ সবচেয়ে বড় স্কুল নির্মাণ কর্মসূচি। ইংল্যান্ড-এর প্রায় প্রতিটা সেকেন্ডারী স্কুলের পুনর্নির্মাণ অথবা আধুনিকীকরণ এই কর্মসূচির লক্ষ্য।

ভবিষ্যতের স্কুল – আজই

হারিংগে এলাকায়, স্থানীয় সেকেন্ডারী স্কুলগুলির উন্নয়নের এবং শিক্ষাদানের ও শিক্ষালাভের বিভিন্ন নতুন পদ্ধতি প্রবর্তনে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে কাউন্সিল £200 মিলিয়ন-এরও বেশী সংগ্রহ করেছে। আমাদের স্কুলগুলির রূপান্তর প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। বর্তমান স্কুলগুলির জন্য আধুনিক ক্লাসঘর, কম্পিউটার এবং অন্যান্য সুযোগ-সুবিধা সরবরাহ করা ছাড়াও, এই কর্মসূচির অধীনে একটা সম্পূর্ণ নতুন স্কুল, হার্টল্যান্ডস্ হাই স্কুল, নির্মিত হবে।

BSF অথবা বিল্ডিং স্কুলস্ ফর দ্য ফিউচার (Building Schools for the Future) হলো জাতীয় স্তরে এ'যাবৎ সবচেয়ে বড় স্কুল নির্মাণ কর্মসূচি। ইংল্যান্ড-এর প্রায় প্রতিটা সেকেন্ডারী স্কুলের পুনর্নির্মাণ অথবা আধুনিকীকরণ এই কর্মসূচির লক্ষ্য।

ভবিষ্যতের স্কুল – আজই

হারিংগে এলাকায়, স্থানীয় সেকেন্ডারী স্কুলগুলির উন্নয়নের এবং শিক্ষাদানের ও শিক্ষালাভের বিভিন্ন নতুন পদ্ধতি প্রবর্তনে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে কাউন্সিল £200 মিলিয়ন-এরও বেশী সংগ্রহ করেছে। আমাদের স্কুলগুলির রূপান্তর প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। বর্তমান স্কুলগুলির জন্য আধুনিক ক্লাসঘর, কম্পিউটার এবং অন্যান্য সুযোগ-সুবিধা সরবরাহ করা ছাড়াও, এই কর্মসূচির অধীনে একটা সম্পূর্ণ নতুন স্কুল, হার্টল্যান্ডস্ হাই স্কুল, নির্মিত হবে।

এই সমস্ত পরিবর্তনের লক্ষ্য হলো স্থানীয় শিশুদের ও কিশোর-কিশোরীদের জন্য জীবনে সাফল্যলাভের সুযোগ বাড়ানো এবং এই বারা'য় যাবতীয় শিক্ষাগত মান উন্নত করে' চলা।

সুতরাং এই BSF কর্মসূচি কেবলমাত্র কিছু ঘরবাড়ি তৈরী করার চেয়েও আরো বেশী কিছু – এটার প্রকৃত উদ্দেশ্য হলো অল্প বয়সী ছেলেমেয়েদের আমরা যে পদ্ধতিতে শিক্ষাদান করে' থাকি তার পরিবর্তন ও রূপান্তরসাধন, আমাদের সমস্ত স্কুলের এবং বৃহত্তর সমাজের পরিবর্তনে এবং পুনরুন্নয়নে উৎসাহদান।

এই কর্মসূচি সম্পর্কে যদি আপনি কোন মন্তব্য করতে অথবা তার বিষয়ে আমাদের কোন প্রশ্ন করতে চান তাহলে এই ঠিকানায় ই-মেইল করুন :

bsf@haringey.gov.uk